অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

'আমাদের স্টেটে কোনো ঘৃণা নয়' সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে, গভর্নর কুওমো যে সকল প্রতিষ্ঠান হেট ক্রাইমের শিকার তাদের নিরাপত্তা মঞ্জুরি তহবিলে অতিরিক্ত 25 মিলিয়ন মার্কিন ডলার প্রস্তাব করেছেন

গভর্নর উপাসনালয়গুলো অন্তর্ভুক্ত করার জন্য নিরাপত্তা মঞ্জুরি তহবিলের যোগ্যতা সম্প্রসারণের প্রস্তাব করেন

জাভিটস কনভেনশন সেন্টারের জননিরাপত্তা ও নিরাপত্তা বিশেষজ্ঞদেরকে এই আয়োজনে বলা হয়েছে যে, সামাজিক ও ধর্মীয় নেতাদের হেট ক্রাইমের শিকার থেকে সুরক্ষা দেওয়ার জন্য এই নিরাপত্তা মঞ্জুরি তহবিলে অগ্রাধিকার প্রদান করা হবে

45 মিলিয়ন মার্কিন ডলারের এই অনুদানের অর্থ এখন একটি হেট ক্রাইমের ঝুঁকিতে থাকা ধর্মীয় বিশ্বাস-ভিত্তিক এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠান রক্ষা করতে সক্ষম হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো তার পোল্যান্ড সফর অনুসরণ করে যেখানে তিনি আউসউইজ-বিরকেনাউ-এর স্বাধীনতার 75তম বার্ষিকী পালন করার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ তার 2021 অর্থবছরের নির্বাহী বাজেটের অংশ হিসেবে যে সকল প্রতিষ্ঠান হেট ক্রাইমের জন্য ঝুঁকিপূর্ণ তাদের নিরাপত্তা মঞ্জুরি তহবিলে 25 মিলিয়ন মার্কিন ডলার প্রস্তাব করেছেন। এছাড়াও গভর্নর উপাসনালয়গুলো অন্তর্ভুক্ত করার জন্য এই নিরাপত্তা মঞ্জুরির যোগ্যতা সম্প্রসারিত করার প্রস্তাব দেন।

গভর্নর আজ ম্যানহাটনের জ্যাকব কে. জাভেটিস কনভেনশন সেন্টার (Jacob K. Javits Convention Center)-এ "আমাদের স্টেটে কোনো ঘৃণা নয়" সম্মেলনে নিরাপত্তা মঞ্জুরির এই সব ঘোষণা দিয়েছেন, যেখানে তিনি 600 এরও বেশি কমিউনিটি নেতা এবং ধর্মযাজকদের পাশাপাশি স্টেটের জননিরাপত্তা বিষয়ক কর্মকর্তা এবং নিরাপত্তা বিশেষজ্ঞদের সাথে এই আলোচনা করেন যেন কমিউনিটিগুলোকে নিরাপদ রাখা যায় এবং মঞ্জুরি তহবিলের জন্য সেরা অনুশীলন করা সম্ভব হয়।

45 মিলিয়ন মার্কিন ডলারের এই অনুদানের অর্থায়ন এখন হেট ক্রাইমের ঝুঁকিতে থাকা প্রতিষ্ঠানগুলোকে এবং তাদের সুযোগসমূহ রক্ষা করতে সক্ষম করবে। এই অনুদানের অর্থায়ন তৃতীয়

রাউন্ড আবেদনের দুইটি পৃথক নিবেদন থেকে হেট ক্রাইমের কবল থেকে কমিউনিটিকে রক্ষার জন্য অনুদান প্রোগ্রামের ভিত্তিতে পাওয়া যাচ্ছে।

"আমাদের স্টেট ও আমাদের দেশে অসহিষ্ণুতার জঘন্য কাজ আমাদের মূল্যবোধের বিপরীত এবং ঘৃণার এই ক্রমবর্ধমান জোয়ার নিরুৎসাহিত করার জন্য আমাদের ঐক্যবদ্ধ হয়ে দাঁড়াতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের মধ্যে একজনের উপর আক্রমণ, আমাদের সবার উপর আক্রমণের সমান। সরকারের এক নম্বর দায়িত্ব হলো জনগণের নিরাপত্তা নিশ্চিত করা এবং এসব কার্যকরী নতুন প্রচেষ্টার মাধ্যমে ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে সহায়তা দেওয়া যেন তারা তাদের নিজেদের রক্ষা করা এবং তাদের কমিউনিটিকে নিরাপদ রাখতে পারে।"

"আমাদের স্টেটে কোনো ঘৃণা নয়" সম্মেলন প্রথম-এই ধরনের সম্মেলন, স্টেটের জননিরাপত্তা এবং নিরাপত্তা বিশেষজ্ঞরা সাংস্কৃতিক, ধর্মীয় এবং অলাভজনক সংস্থার নেতাদের প্রশিক্ষণ দেয় কীভাবে তাদের নিরাপত্তা অবকাঠামো সুরক্ষিত করা যায় এবং অনুদানের অর্থ ব্যবহারের উপায় সহজলভ্য করা যায়। প্রশিক্ষণের মাধ্যমে মানুষকে নিরাপদ রাখা, ঝুঁকির মূল্যায়ন, জরুরি ঘটনার প্রতিক্রিয়া, একটি কর্মপরিকল্পনা তৈরি, সুযোগ-সুবিধার সহজপ্রাপ্তি এবং বাইরের আলো বাড়ানোর জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য সর্বোত্তম পদ্ধতি অন্তর্ভুক্ত করা হয়েছে।

2017 সালে গভর্নর কুওমোর তৈরি হেট ক্রাইমের কবল থেকে কমিউনিটিকে রক্ষার জন্য অনুদান প্রোগ্রাম, যা স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিস (Division of Homeland Security and Emergency Services)-এর মাধ্যমে পরিচালিত হয় যেটি নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য তহবিল প্রদান করে এবং অলাভজনক ডে কেয়ার সেন্টার, কমিউনিটি সেন্টার এবং সাংস্কৃতিক জাদুঘরের বিরুদ্ধে বিদ্বেষমূলক অপরাধ প্রতিরোধ করে যা তাদের মতাদর্শ, বিশ্বাস বা মিশনের কারণে ঝুঁকিপূর্ণ হতে পারে। কর্মসূচির জন্মলগ্ন থেকে 500-র বেশি এ ধরনের প্রকল্প রাষ্ট্রীয় অর্থায়নে 25 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

ঘৃণামূলক অপরাধের পরিসংখ্যান জাতীয়ভাবে এবং নিউ ইয়র্কে ইহুদি কমিউনিটির বিরুদ্ধে ইহুদিবিদ্বেষ ও ঘৃণামূলক অপরাধের উত্থানের ইঙ্গিত দেয়। গত কয়েক বছর ধরে নিউ ইয়র্কে সকল ঘৃণামূলক অপরাধের প্রায় অর্ধেকই ইহুদি কমিউনিটির বিরুদ্ধে হয়েছে। সম্প্রতি একজন ব্যক্তি রাব্বির বাসায় হামলা চালায় এবং মোনাসিতে একটি হালুককাহ উদযাপনের সময় একটি চাপাতি নিয়ে উপাসনাকারীকে আক্রমণ করে যার ফলে পাঁচজনকে হাসপাতালে যেতে হয়েছে। 27 অক্টোবর 2018 তারিখে পিটসবার্গের ট্রি অব লাইফ সিনাগগ (Tree of Life Synagogue)-এ ব্যাপক গোলাগুলি এবং নিউ জার্সির জার্সি সিটির কোশার মার্কেটে সাম্প্রতিক সন্ত্রাসী হামলা, যেখানে একটি স্থানীয় সনাতন ইহুদি কলেজ ও ক্যাথলিক স্কুল বন্দুক যুদ্ধের মুখোমুখি হয়েছিল, যেখানে সহিংস উগ্রবাদ এবং ইহুদিবিদ্বেষ থেকে ইহুদি প্রতিষ্ঠানগুলোকে রক্ষা করার প্রয়োজনীয়তা উপলব্ধি করা হয়েছিল।

বর্তমানে পাওয়া অর্থের জন্য প্রথম RFA-এর অধীনে, 25 মিলিয়ন মার্কিন ডলার হেট ক্রাইমেরবিরুদ্ধে সুরক্ষিত কমিউনিটির কর্মসূচির মাধ্যমে অনুদান তহবিলের মধ্যে স্কুল, অলাভজনক ডে কেয়ার সেন্টার, কমিউনিটি সেন্টার, সাংস্কৃতিক জাদুঘর এবং আবাসিক ক্যাম্পের জন্য সহজলভ্য

আছে যা অভ্যন্তরীণ এবং বাহ্যিকভাবে ব্যবস্থা গ্রহণ, শারীরিক নিরাপত্তা বর্ধন এবং নিরাপত্তা প্রশিক্ষণকে সমর্থন করে। যে সমস্ত সংস্থা একটির বেশি ফ্যাসিলিটি পরিচালনা করে তারা ফ্যাসিলিটির জন্য অনুমোদিত সংস্থার প্রতি সর্বোচ্চ 250,000 মার্কিন ডলার অনুরোধের জন্য পাঁচটি অ্যাপ্লিকেশন পর্যন্ত আবেদন জমা করতে পারে। এই অনুদান অতিরিক্ত নিরাপত্তা প্রশিক্ষণ, ক্যামেরা, দরজা-দৃঢ়করণ, উন্নত আলোকসজ্জা, অত্যাধুনিক প্রযুক্তি ও প্রত্যেক যোগ্য ফ্যাসিলিটিগুলোতে সুরক্ষা সম্পর্কিত অন্যান্য ক্ষেত্রে উন্নতি সাধনের জন্য 50,000 মার্কিন ডলার পর্যন্ত অর্থ প্রদান করবে।

বর্তমানে পাওয়া দ্বিতীয় RFA-এর অধীনে, স্কুল এবং ডে ক্যাম্পের জন্য হেট ক্রাইমের বিরুদ্ধে সুরক্ষিত কমিউনিটির কর্মসূচির মাধ্যমে যে 20 মিলিয়ন অনুদান অর্থায়নের প্রাপ্যতা আছে তার ফলে নন-পাবলিক স্কুল এবং অলাভজনক ডে ক্যাম্পিংয়ে একই ধরনের প্রকল্প এবং প্রচেষ্টার সমর্থন দেওয়া যাবে।

একই প্রকল্প হেট ক্রাইমের কবল থেকে কমিউনিটিকে রক্ষার জন্য অনুদান প্রোগ্রামের এবং স্কুল ও ডে ক্যাম্পের জন্য হেট ক্রাইমের কবল থেকে কমিউনিটিকে রক্ষার জন্য অনুদান প্রোগ্রামের কাছ থেকে তহবিল সমন্বয় করে অর্থায়ন করা যাবে না।

নিউ ইয়র্ক স্টেট স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের (New York State Homeland Security and Emergency Services) কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেন, "নিউ ইয়র্কবাসী হিসেবে, বৈচিত্র্য এবং মানব জীবনের প্রতি সম্মান দেখানো আমাদের মূল্যবোধের মৌলিক দিক এবং সে কারণে আমরা এমন কাউকে সহ্য করব না যারা আমাদের ঘৃণা এবং ভয় দিয়ে আমাদের ভয় দেখাতে চাই। গভর্নর কুওমোর নেতৃত্বকে ধন্যবাদ, কারণ তার চেষ্টায় যে সমস্ত প্রতিষ্ঠান এবং সংস্থা যাদের ধর্মীয় বিশ্বাসের জন্য ঘৃণার লক্ষ্য বস্তুতে পরিণত হতে পারে তাদের সুযোগ-সুবিধা প্রদান এবং তাদের ক্ষতি করতে চাওয়ার বিরুদ্ধে সুরক্ষা প্রদান করার জন্য প্রয়োজনীয় সম্পদের সুযোগ থাকবে।"

সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো বলেন, "বৈচিত্র্যতা নিউ ইয়র্ক স্টেটকে শক্তিশালী করে তোলে এবং সমস্ত নিউ ইয়র্কবাসী তাদের কমিউনিটিতে নিরাপদ বোধ করার অধিকার রাখে। গুরুত্বপূর্ণ সুবিধা প্রদানের মাধ্যমে গভর্নর কুওমো আমাদের অবশ্যই ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সাহায্য করার জন্য এবং গুরুত্বপূর্ণ নেতাদের একত্র করে একটি শক্তিশালী ও সুস্পষ্ট বার্তা ছড়িয়ে দেওয়ার পথে এগিয়ে যাচ্ছেন যে নিউ ইয়র্কে বৈষম্য সহ্য করা হবে না।"

মাইকেল কপি, NYS ডিরেক্টর অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট, "আমরা জানি যে প্রশিক্ষণ, যোগাযোগ এবং প্রস্তুতি জরুরি পরিস্থিতি মোকাবেলা করার সময় কতটা উপযোগী এবং এই হেট ক্রাইম অপরাধের নিরাপত্তা অনুদান অলাভজনক প্রতিষ্ঠানকে সহায়তা করবে যেন তারা তাদের ফ্যাসিলিটিগুলি নিরাপদ করতে পারে এবং নাগরিকদের নিরাপদ রাখতে সাহায্য করতে পারে। এই রিসোর্সের উপর গুরুত্বারোপ করার অঙ্গীকার করার জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই এবং যখনই আমরা ঘৃণার মুখোমুখি হচ্ছি তখন নিউ ইয়র্ক উঠে দাঁড়িয়ে যুদ্ধ করবে এটি নিশ্চিত করার জন্য।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশ-এর সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "এই সম্মেলন স্টেট পুলিশ কমিউনিটি নেতাদের অংশীদার করার পাশাপাশি আইন প্রয়োগকারী সংস্থা, ঘৃণামূলক অপরাধের আরো ভালো প্রতিরোধ ও তদন্ত করতে পারবে। যাদের আমাদের সেবা দেই তাদের নিরাপত্তা প্রদান আমাদের প্রধান অগ্রাধিকার। যারা সবচেয়ে ঝুঁকিপূর্ণ এবং এই ধরনের অপরাধের ঝুঁকিতে আছে তাদের রক্ষার জন্য আমরা একসাথে কাজ করব।"

স্কুল ও ডে ক্যাম্প প্রোগ্রামের ক্ষেত্রে হেট ক্রাইমের কবল থেকে সমাজকে রক্ষার জন্য অনুদান এবং হেট ক্রাইমের কবল থেকে সমাজকে রক্ষার জন্য প্রোগ্রাম এমন এক ব্যাপার যা গভর্নর কুওমো নিউ ইয়র্কে বিদ্বেষমূলক অপরাধ দমনে শুরু করেছেন। 2018 অর্থবছরের স্টেট বাজেট নিউ ইয়র্কে একটি স্টেটওয়াইড নিউ ইয়র্ক স্টেট পুলিশ হেট ক্রাইম টাস্ক ফোর্স (New York State Police Hate Crimes Task Force) গঠন করেছে যারা পক্ষপাতমূলক বিদ্বেষ, হয়রানি এবং নৃসংশতা দূরীভূত করবে। টাস্ক ফোর্সের অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট পুলিশ, দ্য ডিভিশন অব হিউমান রাইটস (Division of Human Rights, DHR) এবং দ্য ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services) স্থানীয় স্টেকহোল্ডার ও আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে যুক্ত করে এবং ঘৃণা-প্রণোদিত অপরাধ ও পক্ষপাত সম্পর্কিত ধারা, কমিউনিটি দুর্বলতা এবং বৈষম্যমূলক আচরণ সনাক্ত এবং তদন্ত করার জন্য কাজ করে।

গত সপ্তাহে গভর্নর কুওমো একটি জাতীর-প্রথম গার্হস্থ্য সন্ত্রাসবাদ আইন প্রবর্তন করেন যা বাধ্যতামূলক করে যে প্রত্যেক ছাত্র একটি জাদুঘর পরিদর্শন করে যা হলোকস্ট সম্পর্কিত একটি বিষয় প্রদান করে অর্থ বছর 2020 এর বৈচিত্র ও সহনশীলতার একটি শিক্ষা পাঠ্যক্রমের অংশ হিসেবে। গভর্নর কুওমো ব্যাটারি পার্ক সিটিতে নিউ ইয়র্কের হলোকস্ট মিউজিয়াম সম্প্রসারণ করার প্রস্তাবও দিয়েছেন।

এছাড়াও, গভর্নর কুওমো একটি টেলিফোন হটলাইন এবং টেক্সট লাইন সুবিধা চালু করেছেন যেখানে নিউ ইয়র্কবাসীরা পক্ষপাত বা বৈষম্যের সম্মুখীন হলে কল করতে পারবেন। ফোন নম্বরটি হলো 1-877-NO-HATE-NY হটলাইনটি চালু আছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন